

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৩

আগরতলা, ১৮ জুন, ২০২৪

নারিকেলকুঞ্জ পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু আজ রাজ্যের আকর্ষণীয় পর্যটনকেন্দ্র নারিকেলকুঞ্জ পরিদর্শন করেন। রাজ্যপাল পর্যটনকেন্দ্রটি ঘুরে দেখেন এবং পর্যটনকেন্দ্রটির আরও আধুনিকীকরণের জন্য আধিকারিকদের বিভিন্ন পরামর্শ দেন। পর্যটনকেন্দ্রটিকে আরও আকর্ষণীয় করে তুলতে আরও কটেজ নির্মাণ করার জন্য রাজ্যপাল পরামর্শ দেন। নারিকেলকুঞ্জে আধিকারিকদের সঙ্গে বৈঠকে রাজ্যপাল কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের সুবিধা গ্রহণ করে স্থানীয় যুবকদের কর্মসংস্থানে উৎসাহিত করতে নির্দেশ দেন। তিনি পর্যটনকেন্দ্রে কর্মরত স্বসহায়ক দলের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন। সন্ধ্যায় রাজ্যপালের সম্মানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

নারিকেলকুঞ্জ যাওয়ার আগে রাজ্যপাল মন্দিরঘাটে পৌঁছালে গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা রাজ্যপালকে স্বাগত জানান। নারিকেলকুঞ্জ পৌঁছালে ধলাই জেলা পুলিশের পক্ষ থেকে রাজ্যপালকে গার্ড অব অনার দেওয়া হয়। সেখানে রাজ্যপালকে স্বাগত জানান ধলাই জেলার জেলাশাসক বিবেক এইচ বি, ধলাই জেলার এসপি অবিনাশ রায়। নারিকেলকুঞ্জ সফরে রাজ্যপালের সঙ্গে ছিলেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎকান্তি চাকমা, গোমতী জেলার পুলিশ সুপার নমিত পাঠক এবং পর্যটন দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
